# ২০২৩

## বাংলা — সাধারণ

### পঞ্চম সেমেস্টার

### পত্র : SEC-A-1 and SEC-A-2

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

### পত্র : SEC-A-1

### (মুদ্রণ ও প্রকাশনা)

**পূর্ণমান - ৮০**

১। (ক) উদাহরণসহ বাংলা যুক্তাক্ষরের প্রকৃতি সম্পর্কে লেখো। ১০

*অথবা,*

(খ) গ্রন্থ সম্পাদনার ক্ষেত্রে যে যে বিষয়গুলির প্রতি যত্নশীল হওয়া প্রয়োজন, সেগুলির পরিচয় দাও। ১০

২। (ক) আধুনিক মুদ্রণ ব্যবস্থায় 'কোরেল ড্র'-এর ভূমিকা আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) মুদ্রণ প্রক্রিয়ায় এম.এস. ওয়ার্ডের ভূমিকা ও ব্যবহার উল্লেখ করো। ১০

৩। (ক) প্রুফ সংশোধনের সময় একজন প্রুফ রিডারকে কোন কোন বিষয়ে সতর্ক থাকতে হয় তা বিস্তারিত জানাও। ১০

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো—

বিদ্যান, বিভিষীকা, মধুসুদন, প্রয়ান, ব্যাতীত, ব্যাকারন, স্বশুর, শিরমনি, ব্যাথা, কনিকা। ১০

(খ) বুক বাইন্ডিং-এর জন্য কোন কোন জিনিসপত্রের প্রয়োজন? যে-কোনো দুই ধরনের বুক বাইন্ডিং সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৪+৬

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) পত্রিকার পঞ্জিকরণ কীভাবে করা হয়?

(খ) টীকা লেখো— গুটেনবার্গ

(গ) টীকা লেখো— বুক জ্যাকেট

Please Turn Over

(ঘ) মুদ্রণ ব্যবস্থায় পেজমেকারের ভূমিকা উল্লেখ করো।

(ঙ) লিথোগ্রাফি প্রযুক্তি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(চ) টীকা লেখো— ইনডিজাইন

(ছ) গ্রন্থের মার্কেটিং-এর ক্ষেত্রে প্রকাশকের ভূমিকা উল্লেখ করো।

(জ) টীকা লেখো— টাইটেল পেজ।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) ISBN-কোন শব্দের সংক্ষিপ্ত রূপ?

(খ) 'অশ্বত্থ' শব্দটির বর্ণবিশ্লেষণ করো।

(গ) বাংলা যুক্তাক্ষর 'জ্ঞ' দিয়ে একটি শব্দ লেখো।

(ঘ) গ্রন্থের স্পাইনে কী কী মুদ্রিত থাকে?

(ঙ) Ctrl + C-এর কাজ কী?

(চ) ছাপাখানার জগতে পঞ্চানন কর্মকারের অবদান কী?

(ছ) ই-বুকের সুবিধা কী?

(জ) DTP-র পুরো শব্দটি কী?

(ঝ) কত পৃষ্ঠাতে এক ফরমা?

(ঞ) ISSN-এর পূর্ণরূপ লেখো।

(ট) গ্রন্থের 'কভার' অংশের একটি প্রয়োজন উল্লেখ করো।

(ঠ) হাইপারলিংক কী?

(ড) প্রুফ সংশোধনের ক্ষেত্রে 'D' চিহ্ন কখন ব্যবহৃত হয়?

*অথবা,*

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)
অশুদ্ধি সংশোধন করো— নুপুর

(ঢ) 'পুস্তানি' কী?

(ণ) 'বুলেট' কী?

(ত) কোন দেশ সর্বপ্রথম ছাপার কাজ শুরু করে?

(থ) বই পুনর্মুদ্রণ ও সংস্করণের পার্থক্য কী?

(দ) বাইন্ডিং-এর কাজে ব্যবহৃত আঠা-র সঙ্গে তুঁতে মেশানো হয় কেন?

(ধ) 'পাণ্ডুলিপি' কী?

(ন) 'পূর্ণিমা' শব্দটির বর্ণবিশ্লেষণ করো।

**পত্র : SEC-A-2**

**(ব্যবহারিক বাংলা-১)**

**পূর্ণমান - ৮০**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০

সদ্য চাকরি খোয়ানো দুই সন্তানের পিতা প্রবীরবাবু স্ত্রী সুতপার চিকিৎসার জন্য টাকা জোগাড় করতে হন্যে হয়ে ঘুরছেন। অতি কষ্টে বিশ হাজার টাকা জোগাড় করে বাড়ি ফিরছিলেন একদিন। পথে অটো-র মধ্যে টাকার ব্যাগ ফেলে রেখে আসেন। হতোদ্যম প্রবীরবাবু প্রথমে থানায় যান। তারপর বাড়ি ফিরে স্ত্রী সুতপাকে সবকথা জানান। পরিবারে যখন নেমে এসেছে শোকের ছায়া তখন হঠাৎই দরজায় কড়া নাড়ার শব্দ। তারপর...

*অথবা,*

(খ) নিম্নলিখিত কাহিনি অবলম্বনে একটি চিত্রনাট্য রচনা করো। ১০

ফটিক গোটাকতক কাশ উৎপাটন করিয়া লইয়া একটা অর্ধনিমগ্ন নৌকার গলুইয়ের উপরে চড়িয়া বসিয়া চুপচাপ করিয়া কাশের গোড়া চিবাইতে লাগিল। এমন সময় একটা বিদেশী নৌকা ঘাটে আসিয়া লাগিল। একটি অর্ধবয়সী ভদ্রলোক কাঁচা গোঁফ এবং পাকাচুল লইয়া বাহির হইয়া আসিলেন। বালককে জিজ্ঞাসা করিলেন,—

'চক্রবর্তীদের বাড়ি কোথায়'।

বালক ডাঁটা চিবাইতে চিবাইতে কহিল— 'ঐ হোথা'— কিন্তু কোনদিকে যে নির্দেশ করিল কাহারও বুঝিবার সাধ্য রহিল না। ভদ্রলোক আবার জিজ্ঞাসা করিলেন,—

'কোথা'।

সে বলিল 'জানিনে'।...

বাবুটি তখন অন্য লোকের সাহায্য অবলম্বন করিয়া চক্রবর্তীদের গৃহের সন্ধানে চলিলেন। অবিলম্বে বাঘা বাগদি আসিয়া কহিল, 'ফটিকদাদা, মা ডাকছে'।

... ফটিক কহিল 'যাব না'।

... ফটিককে দেখিবামাত্র তাহার মা অগ্নিমূর্তি হইয়া কহিলেন, 'আবার তুই মাখনকে মেরেছিস'।

ফটিক কহিল, 'না মারিনি'।

'ফের মিথ্যা কথা বলছিস'।

'কখ্খনো মারিনি। মাখনকে জিজ্ঞাসা করো' মাখনকে প্রশ্ন করাতে মাখন আপনার পূর্ব নালিশের সমর্থন করিয়া বলিল, 'হ্যাঁ মেরেছে'।

তখন আর ফটিকের সহ্য হইল না। দ্রুত গিয়া মাখনকে এক সশব্দ চড় কষাইয়া দিয়া কহিল, 'ফের মিথ্যে কথা'।

**Please Turn Over**

... ফটিক মাকে ঠেলিয়া দিল।

মা চীৎকার করিয়া কহিলেন, 'অ্যাঁ তুই আমার গায়ে হাত তুলিস'।

এমন সময়ে সেই কাঁচাপাকা বাবুটি ঘরে ঢুকিয়া বলিলেন, 'কী হচ্ছে তোমাদের'।

ফটিকের মা বিস্ময়ে আনন্দে অভিভূত হইয়া কহিলেন, 'ওমা এযে দাদা, তুমি কবে এলে!' বলিয়া গড় করিয়া প্রণাম করিলেন।

২। (ক) কবিতা পাঠ ও আবৃত্তি এই দুয়ের মধ্যে কোনো পার্থক্য আছে কি? এ বিষয়ে বিস্তারিত আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) স্বরবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) কোনো একটি সাহিত্যকর্মকে অবলম্বন করে নির্মিত হলেও চলচ্চিত্র শেষ পর্যন্ত একজন সৃজনশীল স্রষ্টার স্বাধীন নির্মাণ।— আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসটির সঙ্গে সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' চলচ্চিত্রটির একটি তুলনামূলক পর্যালোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমায় হরিদাস চরিত্রটির ভূমিকা আলোচনা করো।

(খ) বাংলা ভাষার/শব্দের সঠিক উচ্চারণের ক্ষেত্রে কোথাকার উচ্চারণকে আদর্শ বা মানদণ্ড ধরা হয় এবং তা কতটা যুক্তিযুক্ত সে বিষয়ে আলোচনা করো।

(গ) টীকা লেখো— পর্ব, মাত্রা।

(ঘ) টীকা লেখো— নাট্যরূপে মঞ্চনির্দেশ।

(ঙ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের অতিপ্রাকৃত রস তপন সিংহের চলচ্চিত্রায়ণে বজায় আছে কিনা তা সংক্ষেপে আলোচনা করে বুঝিয়ে দাও।

(চ) 'পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্রের উপযোগী চিত্রনাট্য নির্মাণের জন্য চিত্রনাট্যকারের যে স্বাধীনতা থাকে, তা টেলিভিশনের ধারাবাহিকের জন্য নির্মিত চিত্রনাট্যে থাকে না।'— মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে যুক্তিসহ আলোচনা করো।

(ছ) 'পথের পাঁচালী'-র অপু আর 'বাড়ি থেকে পালিয়ে'-র কাঞ্চন চরিত্র দুটির মধ্যে স্বভাবগত মিল ও অমিলের দিকগুলি চিহ্নিত করো।

(জ) মিশ্রবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) কোন্ ছন্দকে মধ্যম লয়ের ছন্দ বলা হয়?

(খ) 'আবহ' বলতে কী বোঝো?

(গ) আবৃত্তিচর্চার সঙ্গে জড়িত একজন প্রখ্যাত নাট্যব্যক্তিত্বের নামোল্লেখ করো।

(ঘ) 'পথের পাঁচালী' চলচ্চিত্রটি কবে প্রথম মুক্তি পায়?

(ঙ) কোন্ ছন্দে রুদ্ধ দল সবসময় দু-মাত্রা হিসাবে গণনা করা হয়?

(চ) বাংলা ধ্বনির লিখিত রূপ এবং মান্য চলিত বাংলায় উচ্চারিত রূপের ভিন্নতার একটি উদাহরণ দাও।

(ছ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমার সংগীত পরিচালক কে?

(জ) অঘোষ ধ্বনির দুটি উদাহরণ দাও।

(ঝ) কলাবৃত্ত ছন্দের নাম মাত্রাবৃত্ত কে দিয়েছেন?

(ঞ) সত্যজিৎ রায়ের গোয়েন্দা ফেলুদা চরিত্রে অভিনয় করেছেন এমন দু-জন বাঙালি অভিনেতার নাম লেখো।

(ট) ভারতীয় ছবিতে গানের শুরু কোন্ সিনেমায়?

(ঠ) 'অপু ট্রিলজি' কোন্ তিনটি বাংলা চলচ্চিত্রকে একত্রে বলা হয়?

(ড) দল ক-প্রকার ও কী কী?

(ঢ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রে অভিনয় করেছেন এমন দু-জনের নাম লেখো।

(ণ) যে-কোনো একজন বাঙালি মহিলা আবৃত্তিকারের নাম লেখো।

(ত) বাংলা অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

(থ) ঋত্বিক ঘটক রচিত চলচ্চিত্র বিষয়ক একটি গ্রন্থের নাম লেখো।

(দ) সত্যজিৎ রায়ের কোন্ চলচ্চিত্রটি 'কান' চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠত্বের শিরোপা লাভ করেছিল?

(ধ) 'চারুলতা' চলচ্চিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ কাহিনি অবলম্বনে তৈরি হয়েছে?

(ন) আবৃত্তি বিষয়ক যে-কোনো একটি বাংলা গ্রন্থের নাম লেখো।

———————